দৈনিক
ইত্তেফাক

তারিখ ১7 JAN 2007
পৃষ্ঠা ৬ কলাম ৬

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে সেশন জট

সেশন জট ছাত্রছাত্রী এবং অভিভাবকদের জন্য অভিশাপ। সেশন জট বর্তমানে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ব্যাপক আকার ধারণ করেছে। স্বাধীনতার পর থেকে এই সেশন জটের অভিশাপে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো ক্ষতিগ্রস্ত এবং এর প্রধান ভুক্তভোগী সাধারণ ছাত্র-ছাত্রীরা। বাংলাদেশ স্বল্পউন্নত একটি দেশ এবং এই দেশের শতকরা ৪০ শতাংশ লোক দারিদ্র্য সীমার নিচে বাস করে। দরিদ্র পিতা-মাতা তাঁদের অর্থনৈতিক দুরবস্থা থাকা সত্ত্বেও তাদের ছেলেমেয়েদের বিশ্ববিদ্যালয়ে পাঠায় এই আশায়, যে তারা বিশ্ববিদ্যালয় থেকে বের হয়ে পরিবারকে সাহায্য করবে এবং তাদের অভাব লাঘব হবে।

অধিকাংশ ছাত্রছাত্রী এই সেশন জটের কারণ হিসাবে ক্যাম্পাসের বাইরের রাজনীতি দায়ী বলে মনে করে এবং তাদের সাফল্যের পথে অন্তরায় ভাবে। কিছুসংখ্যক ছাত্রসংগঠন তাদের রাজনৈতিক দলের কথামতো ক্যাম্পাসে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে, যা আদৌ ছাত্রছাত্রীর জন্য কল্যাণকর নয়। এদের সংখ্যা খুবই নগণ্য এবং এরা সংখ্যায় কম। কোনো কোনো ক্ষেত্রে আবার সাধারণ ছাত্রছাত্রীরা তাদের ন্যায়সঙ্গত অধিকার আদায়ে রাজনৈতিক দলের ভাড়া করা ক্যাডার দ্বারা লাঞ্ছিত হয়। বর্তমানে ছাত্রছাত্রীরা তাদের হাতে জিম্মি হয়ে পড়েছে।

ছাত্রছাত্রীরা জাতির ভবিষ্যৎ সম্পদ। সরকার পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অনেক সুযোগ-সুবিধা দিয়ে থাকেন, তারা যাতে দেশের সুযোগ্য প্রতিনিধি হতে পারে। তাই সরকারের কাছে বিনীত আবেদন এই যে, ছাত্রছাত্রীদের লেজুরভিত্তিক দলীয় রাজনীতি থেকে মুক্ত করে দিন, তাদের অসুস্থ রাজনীতি থেকে সুস্থ রাজনীতি ধারায় নিয়ে আসতে সহায়তা করুন। অযথা ডাকা রাজনৈতিক কর্মসূচি পরিহার করুন বা তা ক্যাম্পাস আওতামুক্ত রাখুন। তাহলে তারা এই সেশন জটের কবল থেকে মুক্ত হবে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে।

**মাহবুবুর রহমান**, *২৪ নর্থ রোড, ধানমন্ডি, ঢাকা।*